Department of Education
Dennis M. Walcott, Chancellor

প্যারেন্ট অ্যাসোসিয়েশনের নির্বাচনী গাইড

প্যারেন্ট অ্যাসোসিয়েশনের (পিএ[১]) নির্বাচনের সময়সূচি নির্ধারণ

- প্রত্যেক বছর মে মাসের তৃতীয় বুধবার এবং জুন মাসের তৃতীয় শুক্রবারের মধ্যে বার্ষিক নির্বাচন পরিচালনা করা অ্যাসোসিয়েশনের দায়িত্ব যাতে গ্রীষ্ম এবং হেমন্তে স্কুল খোলার সময় নিশ্চিত হওয়া যায় একটি কার্যকর পিএ বহাল আছে। নির্বাচন সহজীকরণের জন্য পিএ-র অবশ্যই একটি মনোনয়ন কমিটি গঠন করতে হবে।
- যদি মনোনয়ন কমিটি গঠন করা সম্ভব না হয়, পিএ নির্বাহী বোর্ডকে বসন্তে যেন নির্বাচন অনুষ্ঠিত হয় সেই লক্ষ্যে আগাম নির্বাচনের জন্য অবশ্যই সময়সূচি নির্ধারণ করতে হবে এবং সাধারণ সদস্যদের নির্বাচনের তারিখের ন্যূনতম দশ স্কুল দিবসের আগে নির্বাচনের তারিখ এবং সময় জানিয়ে দিতে হবে। আগাম নির্বাচনের ক্ষেত্রে সকল মনোনয়ন অবশ্যই উপস্থিত সদস্যদের মধ্য থেকে নেয়া হবে।
- প্রত্যেক স্কুল-বছরে প্রিন্সিপ্যালকে ১ এপ্রিলের মধ্যে বার্ষিক পিএ নির্বাচনের তারিখ এবং সময় জানিয়ে দিতে হবে। প্রিন্সিপ্যালকে যদি ১ মে-এর মধ্যে জানানো না হয়, তিনি সকল পিএ নির্বাহী বোর্ড সদস্যের কাছে নির্বাচন সভার তারিখ এবং সময়সূচি চেয়ে অবশ্যই অনুরোধ জানাবেন। যদি ৭ স্কুল দিবসের মধ্যে পিএ নির্বাহী বোর্ডের সদস্যগণ উত্তর দিতে না পারেন, প্রিন্সিপ্যাল সকল পিতামাতাকে অবশ্যই জানাবেন এবং মে মাসে একটি মনোনয়ন কমিটি গঠনের আহ্বান এবং নির্বাচনের সময়সূচি নির্ধারণ করবেন। প্রিন্সিপ্যালগণ মনোনয়ন কমিটি গঠনকল্পে পিতামাতাদের সভায় আহ্বান করার নমুনা বিজ্ঞপ্তি ওফিয়া-এর কাছ থেকে সংগ্রহ করতে পারেন।
  - যেসব ক্ষেত্রে প্রিন্সিপ্যাল মনোনয়ন কমিটি আহ্বান এবং কমিটি মনোনয়ন এবং নির্বাচন সভার যথাযথ বিজ্ঞপ্তি প্রদানের জন্য পর্যাপ্ত সময় না পান, প্রিন্সিপ্যালকে মনোনয়ন কমিটি গঠনের পরিবর্তে পিতামাতাদের আহ্বান করে আগাম নির্বাচন পরিচালনার জন্য তারিখ নির্ধারণ করতে হবে।

মনোনয়ন কমিটির ভূমিকা

- মনোনয়ন কমিটি গঠনের প্রক্রিয়া এবং কমিটির দায়িত্ব পিএ উপবিধির মধ্যে অবশ্যই লিপিবদ্ধ থাকবে।
- সাধারণত মনোনয়ন কমিটি প্রার্থী হওয়ার আহ্বান জানান, প্রার্থীর যোগ্যতা নিশ্চিতকরণ, এবং মনোনয়ন সভা এবং নির্বাচনী সভায় সভাপতিত্ব করার দায়িত্ব পালন করে।
- যখনই সম্ভব, ইংরেজি ভাষা ব্যতীত অন্য যেসকল ভাষায় পিতামাতারা কথা বলেন সেসব ভাষায় লিখিত এবং মৌখিক উভয়ভাবে - তথ্য প্রদান যেন মনোনয়ন কমিটি নিশ্চিত করে।
- প্রার্থী হওয়ার আহ্বান: সাধারণত, মনোনয়ন কমিটি বসন্তে নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয়তার কথা জানিয়ে সকল সদস্যের কাছে বিজ্ঞপ্তি পাঠাবেন। বিজ্ঞপ্তির অন্তর্ভুক্ত থাকবে:
  1. নির্বাহী বোর্ডের শূন্য পদের তালিকা (ব্যাধ্যতামূলক নয় এমন যেসব পদে হেমন্তে নির্বাচন অনুষ্ঠিত হবে সেগুলো পিএ উপবিধি অনুযায়ী সংরক্ষিত থাকতে পারে)।
  2. একজন শিক্ষার্থীর পিতামাতা হওয়াই সকল পদে প্রতিদ্বন্দ্বিতা করার একমাত্র যোগ্যতা - এই কথার স্বীকৃতি।
  3. উপবিধিতে অন্তর্ভুক্ত থাকলে- কয় টার্ম-এর জন্য নির্বাচন করতে পারবেন।
  4. যেসকল উপায়ে (উপায়সমূহে) প্রার্থীগণ মনোনয়ন কমিটিকে তাদের নির্বাচনে অংশগ্রহণের আগ্রহ জানাবেন
     - অনেক মনোনয়ন কমিটি কাগজের একটি অংশ কেটে রাখার জন্য নির্দিষ্ট করে দেন যা ব্যবহার করে সদস্যগণ মনোনয়ন কমিটিকে তাদের মনোনয়ন সম্পর্কে অবগত করেন।
  5. মনোনয়ন গ্রহণের শেষ তারিখ। (ভোট গ্রহণের সামান্য আগে, নির্বাচনের রাতেও মনোনয়ন গ্রহণের সময় শেষ হতে পারে)

[১] এই নির্দেশিকায় 'পিএ' শব্দটিকে প্যারেন্ট অ্যাসোসিয়েশন এবং প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন উভয়টি বুঝাতেই ব্যবহার করা হয়েছে।

- **মনোনয়ন সভা পরিচালনা:**

1. **লিখিত বিজ্ঞপ্তি:** কখন এবং কোথায় মনোনয়ন অনুষ্ঠিত হবে, মনোনয়ন কমিটিকে একটি লিখিত বিজ্ঞপ্তির মাধ্যমে পিএ সদস্যগণকে অবশ্যই জানাতে হবে। বিজ্ঞপ্তিটি মনোনয়ন সভার কমপক্ষে ১০ স্কুল দিবস আগের তারিখে জারি ও বিতরণ করতে হবে। ইমেইলের মাধ্যমেও বিজ্ঞপ্তি পাঠানো হতে পারে, তবে মনোনয়ন কমিটি অবশ্যই তা ব্যাকপ্যাক বা ডাকযোগে পাঠাতে হবে। সভার বিজ্ঞপ্তির নমুন পাওয়া যাবে ওফিয়া প্যারেন্ট লিডারশিপ পেজ-এ।

2. **মনোনয়ন সভার ঘটনাবলির ধারাবাহিকতা**

   - **নিশ্চিত করুন রেকর্ডিং সেক্রেটারি সভার কার্যবিবরণী রেকর্ড করছেন** – প্রত্যেক পিএ/পিটিএ সভার কার্যবিবরণী অবশ্যই থাকতে হবে। মনোনয়ন সভার সময় কী ঘটেছে তার বিস্তারিত রেকর্ড থাকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। রেকর্ডিং সেক্রেটারি না থাকলে কার্যবিবরণী নেয়ার জন্য একজন পিতামাতা সদস্যকে নির্বাচিত করা হবে।

   - **স্বাগত** – সকল পিতামাতা নির্বাচন রুমে প্রবেশ করে সমবেত হবার পরে, সবাইকে স্বাগত জানান এবং পিএ যে শক্তিশালী স্কুল কম্যুনিটি গড়ে তুলতে কার্যকর গুরুত্বপূর্ণ ভূমিকাটি পালন করে সে বিষয়টি উপস্থাপন করুন।

   - **কোরাম** – ন্যূনতম ৮ জন পিএ সদস্যের প্রতিনিধিত্ব নিশ্চিত করুন, যার অন্তর্ভুক্ত থাকবে ২ জন নির্বাহী বোর্ড সদস্য এবং উপস্থিত ৬ জন পিতামাতা সদস্য (চ্যান্সেলরের প্রবিধান A-660, সেকশন I.H.4 দেখুন)। পিএ উপবিধিতে একটি কোরাম সম্পর্কে ভিন্ন তথ্য থাকতে পারে যা CR A-660 ধারায় প্রদত্ত ন্যূনতম সংখ্যাকে অতিক্রম করে। কোরাম না হলে পিএ মনোনয়ন গ্রহণ করা যাবে না।

   - **উন্মুক্ত মনোনয়ন:**

     - মনোননীত কমিটির সদস্যগণকে পরিচয় করিয়ে দেয়া হবে এবং তাদের নাম কার্যবিবরণীতে রেকর্ড করতে হবে।

     - যেসকল প্রার্থী মনোনয়ন সভার আগেই মনোনীত হয়েছেন তাদের নাম ঘোষণা করুন (যেমন মনোনয়ন সভার বিজ্ঞপ্তিতে সংযুক্ত কাগজের কেটে নেয়া অংশ ব্যবহার করে যেসকল নাম দাখিল করা হয়েছে)।

     - সদস্যদের মনে করিয়ে দিন যে, তারা নিজেদেরকে অথবা অন্য কাউকে মনোনীত করতে পারেন।

     - তাদের একথাও মনে করিয়ে দিন যে, তারা একাধিক পদের জন্যও মনোনীত হতে পারেন, কিন্তু শুধু একটি পদে নির্বাচিত হতে পারেন।

     - প্রত্যেকটি পদের জন্য আলাদাভাবে মনোনয়নের অনুরোধ করুন। নিশ্চিত করুন যে মনোনয়ন গ্রহণ করার আগে উপবিধিতে প্রদত্ত প্রতিটি পদে যেসব দায়িত্বের কথা বলা আছে, তা পড়া হয়েছে (যেমন, "আমরা এখন সভাপতি পদের জন্য মনোনয়ন গ্রহণ করবো। সভাপতি অ্যাসোসিয়েশনের সকল সভায় সভাপতিত্ব করবেন এবং..")।

     - নিশ্চিত হোন রেকর্ডিং সেক্রেটারি সকল প্রার্থীর নামের সঠিক বানান রেকর্ড করছেন।

   - **মনোনয়ন গ্রহণ সমাপ্ত করুন:**

     - আনুষ্ঠানিকভাবে মনোনয়ন শেষ ঘোষণা ও পরবর্তী পদের মনোনয়ন আহ্বানের আগে প্রতিটি পদের জন্য মোট তিন বার মনোনয়নের আহ্বান জানান।

     - ঘোষণা দিন যে, মনোনয়ন আনুষ্ঠানিকভাবে শেষ হলে নির্বাচনের রাতে আর কোন অতিরিক্ত প্রার্থীকে ব্যালটে অন্তর্ভুক্ত করা হবে না।

- **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

1. প্রিন্সিপ্যাল বা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির সাথে পরামর্শক্রমে মনোনয়ন কমিটি অবশ্যই প্রার্থীর যোগ্যতা নির্ধারণ করবে। যেকোন পদের জন্য একটিমাত্র যোগ্যতা স্কুলের একজন শিক্ষার্থীর পিতামাতা হওয়া।

- “পিতামাতার সংজ্ঞায় বলা আছে: জন্মগত বা পালক পিতামাতা, সৎ-পিতামাতা, আইনগতভাবে নিযুক্ত অভিভাবক, তত্ত্বাবধানকারী পিতামাতা, এবং বর্তমানে স্কুলে পড়ছে এমন কোন শিক্ষার্থীর “একজন পিতামাতা সম্পর্কিত ব্যক্তি” -- চ্যান্সেলরের প্রবিধান A-660, সংজ্ঞা

2. যেসকল পিতামাতা সদস্য নিম্নোল্লিখিত কারণে প্রতিদ্বন্দ্বিতা করার অযোগ্য:

    1. চ্যান্সেলর, চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা চিফ ফ্যামিলি এনগেজমেন্ট অফিসার কর্তৃক পিএ নির্বাহী বোর্ডে কাজ করতে পারবেন না বলে যাদের উপর নিষেধাজ্ঞা আছে।
    2. যারা উপবিধি অনুযায়ী নির্দিষ্ট মেয়াদ সংখ্যা অতিক্রম করেছেন।
    3. যদি তারা চ্যান্সেলরের প্রবিধান A-660, সেকশন I.D.1-তে উল্লিখিত পিএ সদস্যপদের শর্ত পূরণে সক্ষম না হন।
    4. যদি তারা মনোনয়ন কমিটির সদস্য হন।

3. যেসকল পিতামাতা সদস্যের একটি সন্তান গ্রাজুয়েশন করছে এবং অন্য সন্তান স্কুলে ভর্তি হচ্ছে তারা বসন্তের নির্বাচনে আবশ্যিক নয় এমন পদের জন্য প্রতিযোগিতা করতে পারেন।

4. প্রার্থীর মনোনয়ন পাবার পর যথাশীঘ্র সম্ভব তার প্রার্থী যোগ্যতা যাচাই করা উচিত। যে সকল প্রার্থী অযোগ্য বিবেচিত হবেন তাদের সম্পর্কে অবিলম্বে জানিয়ে দেয়া হবে।

নির্বাচনী সভা পরিচালনা:

1. **নির্বাচনের তারিখের আগে:**

    - **প্রিন্সিপ্যালকে অবগতকরণ:** প্রস্তাবিত নির্বাচন সভার তারিখ এবং সময় সম্পর্কে মনোনয়ন কমিটি অবশ্যই প্রিন্সিপ্যালকে অবগত করবে যাতে বিল্ডিং পারমিট এবং নিরাপত্তা ব্যবস্থা নেয়া যায়। প্রিন্সিপ্যালকে ১ এপ্রিল নাগাদ জানাতে হবে, কিন্তু কোনক্রমেই ১ মে-এর পরে নয়।
    - **পিএ উপবিধির পর্যালোচনা: পিএ উপবিধি** চ্যান্সেলরের প্রবিধান A-660 অনুযায়ী কিনা তা নিশ্চিত করতে মনোনয়ন কমিটির উপবিধিটি পর্যালোচনা করা উচিত। মনে রাখবেন, উপবিধির কোন বিধান A-660 এর সাথে সঙ্গতিপূর্ণ না হলে যেকোন পিএ সদস্য সাধারণ সভায় সংশোধনী প্রস্তাব উত্থাপন করতে পারেন। যেসব সংশোধন উপবিধিসমূহকে সঙ্গতিপূর্ণ করে সেগুলোর প্রস্তাব উত্থাপনের সাথে সাথেই ভোটে দেয়া আবশ্যিক (চ্যান্সেলরের প্রবিধান A-660, সেকশন I.H.1 দেখুন)।
        - *দ্রষ্টব্য:* উপবিধিতে মেয়াদ-সংখ্যা নির্দিষ্ট করা আছে কি না, তা মনোনয়ন কমিটির দেখা উচিত। যদি দেয়া থাকে, কমিটিকে অবশ্যই মনে রাখতে হবে যে কিছু প্রার্থীকে নির্বাচনের রাতে প্রতিদ্বন্দ্বিতা থেকে বিরত করতে হতে পারে।
    - **প্রত্যয়নকারী কর্মী সদস্য শনাক্তকরণ:** স্কুলের কোন্ কর্মী সদস্য ভোটার যোগ্যতা যাচাই এবং নির্বাচনকে প্রত্যয়ন করার জন্য উপস্থিত থাকবেন, মনোনয়ন কমিটিকে অবশ্যই তা বের করতে হবে। মনে রাখবেন এই কাজটি প্যারেন্ট কোঅর্ডিনেটর করতে পরবেন না।
        - মনোনয়ন কমিটি মনোনীত কর্মী সদস্যকে জানিয়ে দিতে হবে যে, ভোটার যোগ্যতা যাচাই-এর জন্য শিক্ষার্থী এবং পিতামাতার নাম সম্বলিত এটিএস-থেকে জীবনবৃত্তান্তের অংশ তাকে প্রিন্ট করে আনতে হবে।
    - **ব্যালট প্রস্তুতি:**
        - মনোনয়ন কমিটি একটি পৃথক নির্ধারিত মনোনয়ন সভায় অথবা নির্বাচনের রাতে মনোনয়ন গ্রহণ শেষ করতে পারেন।

নির্বাচনের রাতের আগে মনোনয়ন বন্ধ	নির্বাচনের রাতে মনোনয়ন বন্ধ
যদি নির্বাচন সভার আগে মনোনয়ন বন্ধ করে দেয়া হয়, তাহলে ব্যালট আগে থেকে প্রস্তুত থাকবে এবং প্রত্যেক পদের জন্য প্রার্থীদের শেষ নামের বর্ণানুক্রমে অবশ্যই তালিকাভুক্ত করতে হবে।	যদি মনোনয়ন গ্রহণ শেষ হয় নির্বাচনের রাতে, ব্যালট প্রস্তুত করার জন্য কোন কপি মেশিন পাওয়া যাবে কি না, মনোনয়ন কমিটিকে তা জানতে হবে। যদি তাই হয়, মনোনয়নদান শেষ হবার পর, প্রার্থীদের নাম ব্যালটে প্রিন্ট করা এবং ঐ রাতেই তা কপি করা যেতে পারে। অন্যথায়, মনোনয়ন কমিটিকে একটি নমুনা ব্যালট তৈরি করে আনতে হবে যাতে ভোটাররা নির্ধারিত পদের জন্য তাদের পছন্দের প্রার্থীদের লিখতে পারেন। এসব ক্ষেত্রে প্রার্থীদের নাম একটি কাগজের চার্টে শেষ নামের বর্ণানুক্রমিকভাবে পদ অনুযায়ী লেখা হবে।

- মনোনয়ন কমিটিকে অবশ্যই আগে থেকে ব্যালট বক্স সংগ্রহ করে রাখতে হবে।
- **লিখিত বিজ্ঞপ্তি:** মনোনয়ন কমিটি নির্বাচন সভার তারিখ এবং সময় জানিয়ে সকল পিএ সদস্যের কাছে লিখিত বিজ্ঞপ্তি পাঠাদে হবে। বিজ্ঞপ্তিটি মনোনয়ন সভার কমপক্ষে ১০ স্কুল দিবস আগের তারিখে জারি ও বিতরণের ব্যবস্থা করতে হবে। বিজ্ঞপ্তি ইমেইলের মাধ্যমেও পাঠানো যেতে পারে, কিন্তু মনোনয়ন কমিটিকে অবশ্যই ব্যাকপ্যাক অথবা ডাকযোগেও পাঠাতে হবে। এ সময়ের মধ্যে মনোনয়ন শেষ হয়ে থাকেল বিজ্ঞপ্তিতে শেষ নাম অনুযায়ী বর্ণানুক্রমে প্রার্থীদের তালিকা দিতে হবে। বৈঠকের বিজ্ঞপ্তির নমুনা ওফিয়া প্যারেন্ট লিডারশিপ পেজ-এ পাওয়া যাবে।

▪

- নির্বাচনের আগে, কিন্তু মনোনয়ন শেষ হওয়ার পরে প্রার্থীদের বিবৃতি প্রচারের জন্য পিএ উপবিধিতে একটি প্রক্রিয়া অন্তর্ভুক্ত থাকতে পারে। অংশগ্রহণের জন্য সকল প্রার্থীকে অবশ্যই সমান সুযোগ দিতে হবে।

2. নির্বাচনের রাত

- মনোনয়ন কমিটি নিচে উল্লিখিত সামগ্রী প্রস্তুত রাখবে:
  - স্টিকার, পোস্ট-ইট, ইত্যাদি (নিচে ভোটার যোগ্যতার পরামর্শ দেখুন)।
  - ব্যালট- যদি কপি করার ব্যবস্থা থাকে তাহলে একটি নমুনা ব্যালট, অন্যথায় সমবেত সদস্যদের জন্য পর্যাপ্ত ব্যালট আছে বলে নিশ্চিত করুন। অনূদিত নমুনা ব্যালট ওফিয়া প্যারেন্ট লিডারশিপ পেজ-এ পাওয়া যাবে।
  - অ্যাটেনডেন্স শিট (উপস্থিতিপত্র)
  - চার্ট পেপার ও মার্কার - যদি কপি করার ব্যবস্থা না থাকে।
  - কলম - ভোটারদের জন্য।
  - ব্যালট বক্স - স্কুল দিতে না পারলে সংগ্রহ করে আনতে হবে
  - টালি সিট - একটি নির্বাচিত পদের জন্য কমপক্ষে একটির প্রয়োজন হবে
  - ওফিয়া পিএ নির্বাচন প্রত্যয়ন ফরম

- **নির্বাচন পরিচালনা**
  1. **ভোটার যোগ্যতা যাচাই** – শুধু যোগ্য পিএ সদস্যগণ যেন ব্যালট পায় সে বিষয়টি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। ভোটার যোগ্যতা যাচাই-এর উপায়টি বিশ্বস্ত এবং স্বচ্ছ হওয়া জরুরি।

- *পরামর্শ* – পিতামাতাগণ যখন স্কুলে আসেন, তখন তাদের নাম লিপিবদ্ধ করে রাখুন। এই সময় যেসকল কর্মী সদস্য ভোটার যোগ্যতা যাচাই করেন তারা এটিএস তালিকার সাথে পিতামাতাদের নাম মিলিয়ে দেখুন। একবার কোন পিতামাতার যোগ্যতা যাচাই হয়ে গেলে, কর্মী সদস্য তাকে একটি স্টিকার, পোস্ট-ইট ইত্যাদি দেবেন এবং ব্যালট বিতরণের সময় তাকে সেই স্টিকার, পোস্ট-ইট ইত্যাদির পরিবর্তে ব্যালট নিতে হবে বলে সে বিষয়টি জানাবেন।
- নির্বাচন সভার আগে যদি মনোনয়ন বন্ধ হয়ে যায়, সময়ের আগেই ব্যালট প্রস্তুত হবে এবং যোগ্যতা যাচাই-এর পাশাপাশি তা বিতরণও করা হতে পারে।

2. নির্বাচন – **প্রতিদ্বন্দ্বিতাবিহীন পদসমূহ**

- একটি পদের জন্য শুধু একজন প্রার্থী থাকলে, সদস্যদের জানিয়ে দিন যে প্রার্থীকে নির্বাচনের জন্য রেকর্ডিং সেক্রেটারি যাতে একটি ভোট দিতে পারেন সেজন্যে একজন সদস্যকে অবশ্যই প্রস্তাব উত্থাপন করতে হবে। প্রস্তাবের অনুমোদনের জন্য সদস্যদের একটি ভোট আবশ্যিক। প্রস্তাবের ফল কার্যবিবরণীতে অবশ্যই রেকর্ডকৃত থাকতে হবে (চ্যান্সেলরের প্রবিধান A-660, সেকশন I.G.1.e. দেখুন)।

3. নির্বাচন – **প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পদসমূহ**

- ব্যালট আবশ্যিক।
- নির্বাচনের রাতের আগে মনোনয়ন গ্রহণের সময় শেষ হয়ে গেলে, ইতোপূর্বেই ব্যালট প্রস্তুত করা থাকবে এবং বিতরণের জন্যও প্রস্তুত রাখা হবে।
- মনোনয়ন গ্রহণ যদি নির্বাচনের রাতে শেষ হয়ে থাকে, প্রার্থীরা যখন সদস্যদের কাছে নিজ নিজ পরিচিতি তুলে ধরবেন, সে সময়টিতে ব্যালট প্রস্তুত করে নিতে হবে।
    - কপি করার ব্যবস্থা থাকলে যে সময় প্রার্থীদের *শেষ নাম বর্ণানুক্রমে* নমুনা ব্যালটে লেখা হয় এবং কপি করা হয়, তখন প্রার্থীদেরকে সদস্যদের কাছে নিজ নিজ পরিচিতি তুলে ধরতে আমন্ত্রণ জানান।
    - কপি করার ব্যবস্থা না থাকলে, যে সময়ে প্রতিটি পদের জন্য প্রার্থীদের *শেষ নাম বর্ণানুক্রমে* চার্ট পেপারে লেখা হয়, তখন প্রার্থীদেরকে সদস্যদের কাছে নিজ নিজ পরিচিতি তুলে ধরতে আমন্ত্রণ জানান। খালি ব্যালট ইতোমধ্যে বিতরণের জন্য প্রস্তুত থাকবে।
- ব্যালট বাক্স যে খালি আছে তা যাচাই করে নিন। সমবেত সদস্যগণের দৃষ্টিগোচর হয় এমনভাবে বক্সটি রুমের সামনে রাখা উচিত।
- ব্যালট কেমন করে পূরণ করতে হয় সে বিষয়টি সদস্যদের শিখিয়ে দিন। প্রার্থীদের নাম আগেই প্রিন্ট করা আছে এমন ব্যালটে, ভোটারগণ প্রতিটি পদে তাদের পছন্দের প্রার্থীর নামের পাশের বক্সটিতে টিক চিহ্ন দিবে। যদি খালি ব্যালট ব্যবহার আবশ্যিক হয়, ভোটারগণকে জানাতে হবে যে, সকল প্রার্থীর নাম রুমের সামনের চার্ট পেপারে তালিকাভুক্ত আছে (প্রতিটি পদের প্রার্থীদের শেষ নাম বর্ণানুক্রমে) এবং ভোটারদেরকে *প্রতিটি পদের জন্য তাদের পছন্দের প্রার্থীর পূর্ণ নাম* অবশ্যই লিখতে হবে।
- সদস্যগণকে জানিয়ে দিন যে, অশুদ্ধভাবে পূরণকৃত অথবা বেআইনি ব্যালট গোণা হবে না।
- ব্যালট বিতরণ শুরু করুন। *মনে রাখবেন, শুধু যোগ্য ভোটারগণই ব্যালট পাবেন*। যদি প্রকৃত ভোটারদের কাছে স্টিকার, পোস্ট-ইট ইত্যাদি বিতরণ করা হয়, বিতরণযোগ্য ব্যালট প্রতিটি স্টিকার বা পোস্ট-ইট-এর সাথে বিনিময় করা যাবে।
- ভোটারদের পূরণকৃত ব্যালট ব্যালট-বক্সে জমা দিতে বলুন।
- সকল ব্যালট জমা হয়ে গেলে, ঘোষণা দিন ভোটদান শেষ হয়েছে।
- সদস্যদের উপস্থিতিতে ব্যালট গণনার জন্য সদস্যদের মধ্য থেকে তিনজন স্বেচ্ছাকর্মী নিন।

- *পরামর্শ* – একজন ব্যক্তি ব্যালট বক্স থেকে ব্যালটগুলো বের করবেন এবং ভাঁজ খুলবেন। দ্বিতীয় ব্যক্তি নির্বাচিত প্রার্থীদের নামগুলো পড়তে পারেন। তৃতীয় ব্যক্তি ভোট গণনার রেকর্ড রাখতে ট্যালি কাগজে তা লিখে রাখবেন।

- সব ব্যালট গণনার পর, মনোনয়ন কমিটি স্বেচ্ছাকর্মীদেরকে তাদের গণনার ফল পুনর্বার যাচাই করতে বলবেন। প্রতিটি পদের জন্য গণনাকৃত ভোটের সংখ্যা যেন ব্যালটের সংখ্যার বেশি না হয় সেবিষয়টি নিশ্চিত করুন। একইভাবে, এটিও নিশ্চিত করুন যেন ব্যালটের সংখ্যা যোগ্য ভোটার সংখ্যাকে ছাড়িয়ে না যায়।

- সকল ব্যালট যখন টালি করা হয়ে যাবে, মনোনয়ন কমিটি স্বেচ্ছাকর্মীদেরকে আবারও হিসাব মিলিয়ে নিতে বলবেন। নিশ্চিত করতে হবে যে বিতরণকৃত ব্যালটের চাইতে টালির হিসাবে কোন পদে যেনো ভোটসংখ্যা বেশি না হয়। অনুরূপভাবে নিশ্চিত করবেন যাতে ব্যালটের সংখ্যা মোট ভোটার সংখ্যা যেনো ছাড়িয়ে না যায়।

- টালি নথিটিতে স্বেচ্ছাসেবীদের স্বাক্ষর বা সই করিয়ে নিন।

- সকল পদে জয়ী প্রার্থীদের নাম ঘোষণা করতে স্বেচ্ছাসেবীদের একজনকে অনুরোধ জানান।

- মনোনয়ন কমিটির জেনে নেয়া প্রয়োজন নির্বাচিত সভাপতি প্রেসিডেন্ট কাউন্সিলে স্কুল প্রতিনিধি হিশেবে কাজ করতে আগ্রহী কিনা। যদি নির্বাচিত সভাপতি আগ্রহী না হন বা অক্ষম হন, একজন স্থায়ী দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নির্বাচনে মনোনয়ন কমিটিকে পিএ উপবিধিতে উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করা উচিত।

- প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সকল প্রার্থীকে ধন্যবাদ জ্ঞাপন করুন এবং আগ্রহী এবং সংশ্লিষ্ট থাকতে তাদের উৎসাহিত করুন। মনে রাখবেন বিভিন্ন কমিটির প্রধান হিশেবে কাজ করার জন্য বাড়তি নেতৃত্বের সুযোগ সৃর্ডষ্টি হবে।

- ওফিয়া পিএ সার্টিফিকেশন ফরম পূরণ করতে নতুন নির্বাচিত পিএ কর্মকর্তাগণ প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত কর্মী সদস্যের সাথে একযোগে কাজ করবেন। প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত কর্মী সদস্য ফরমটি স্বাক্ষর করে নির্বাচনকে প্রত্যয়ন করবেন।

- পিএ নির্বাচন শেষ হবার পর, পিএ এসএলটি-এর প্যারেন্ট সদস্য পদসমূহ পূরণ (যথাযথ নোটিশ দেবার পর) প্রক্রিয়া অনুসরণ করা উচিত।

- *বিশেষ বিজ্ঞপ্তি:* যদিও এটি সবার জানা, *রবার্টস রুল অব অর্ডার* বলে: "ভোট যদি ব্যালটের মাধ্যমে নেয়া হয়, তাহলে নাম লেখার সুযোগ থাকে।" এক্ষেত্রে, একজন ব্যক্তি মনোনয়ন ছাড়াই নাম লিখানো প্রার্থী হিশেবে জয়ী হতে পারে।

3. **নির্বাচনের পরে**

- ওফিয়া নির্বাচন সার্টিফিকেশন ফরম-এর কপি প্রিন্সিপ্যালকে দেয়া হয়েছে, সেটা নিশ্চিত করুন। ব্যালট, টালি শিট, উপস্থিতির তালিকা, এবং নির্বাচনী সভার কার্যবিবরণীসহ ওফিয়া নির্বাচন সার্টিফিকেশন ফরম-এর আসল কপিটি পিএ-এর কাছে থাকবে।